

**৭ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির  
৯৮ তম বৈঠকের সিদ্ধান্তসমূহ**

সভাপতি : এস এম আকরাম, সংসদ-সদস্য, ২০৬ নারায়ণগঞ্জ-৫

বৈঠকের তারিখ : ২৬-০২-২০০১ খ্রিষ্টাব্দ (১৪-১১-১৪০৭ বঙ্গাব্দ)। বৈঠকের দিন : সোমবার।

বৈঠকের সময় : বিকাল ০৩:০০ টা থেকে বিকাল ৫:৩০ টা পর্যন্ত

বৈঠকের স্থান : কেবিনেট কক্ষ, পশ্চিম ব্লক, দ্বিতীয় লেভেল, সংসদ-ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

১। আলোচ্যসূচী : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সংক্রান্ত নিম্ন-লিখিত অডিট রিপোর্টের উপর আলোচনা।

১.১ অডিট রিপোর্ট : বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক প্রতিবেদন, ১৯৯৫-৯৬। (স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর) [অডিট আপত্তির অনুচ্ছেদ : ১-১৭]

**১.১.১ সাধারণ সিদ্ধান্ত :**

(ক) কমিটি অবগত হয়েছে যে কোন কোন ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কার্যালয়সমূহে আয়কর অধ্যাদেশের ১৬৩(৩) ধারার অনুচ্ছেদ "এফ" ও "জি" ও অপরাপর অনুচ্ছেদ এর আপাতঃ সরল ব্যাখ্যা প্রদান করে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয় কর্তৃক প্রেরিত নিরীক্ষা দলকে নিরীক্ষার সময় কেবলমাত্র আংশিক দলিলপত্র পরীক্ষা করতে দেয়ায় সাংবিধানিক নিরীক্ষা কাজ সম্যকভাবে ব্যহত হচ্ছে। বিষয়টি আলোচনাকালে কমিটি এ সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, আয়কর অধ্যাদেশে প্রদত্ত আয়কর "রিসিটস" ও "রিটার্নস" পরীক্ষা করার যে ক্ষমতা নিরীক্ষা বিভাগকে প্রদান করা হয়েছে তা সরাসরি সম্পৃক্ততার কারণে আয়কর অ্যাসেসমেন্ট' পরীক্ষার ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য। কমিটি এও বিবেচনা করে যে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয়কে সংবিধানের ১২৮ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাসমূহ দ্ব্যর্থহীন এবং আয়করের "অ্যাসেসমেন্ট" ও অপরাপর দলিলপত্র নিরীক্ষা করার ক্ষমতা সুনিশ্চিতভাবেই এর অংশ হিসাবে বিবেচ্য;

(খ) কমিটি জাতীয় রাজস্ব বোর্ডকে এ বিষয়ে ০৭-০৪-১৯৯৩ সালে জারীকৃত বোর্ডের পত্রটি পুনরায় জারী করার এবং কার্যকর করার নির্দেশ প্রদান করেছে; এবং

(ঘ) কমিটি মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয়কে আগামী দু' মাসের মধ্যে বাংলাদেশ জাতীয় সংসদের হিসাবের ওপর সাম্প্রতিকালের একটি নিয়মিত বা বিশেষ অডিট রিপোর্ট সংসদে উত্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছে।

**১.২ অডিট আপত্তি সম্পর্কিত সিদ্ধান্ত :**

১.২.১ অডিট আপত্তি : অডিট রিপোর্টের পৃষ্ঠা-২১-২৭ অনুচ্ছেদ নং-১।

আপত্তির শিরোনাম : সঠিকভাবে সরল সুদ ধার্য না করায়/কম ধার্য করায় সরকারের ৬,২৭,৮৩৪/- টাকা রাজস্ব ক্ষতি।

সিদ্ধান্ত :

(১) যে সব ক্ষেত্রে অর্থ আদায় করা হয়েছে এবং দাবীর অংক সংশোধিত হয়েছে সে সব ক্ষেত্রে আগামী এক মাসের মধ্যে অডিট অধিদপ্তরকে প্রমাণক দলিলপত্র প্রেরণ করতে হবে ; এবং

(২) অরপরাপর ক্ষেত্রে আগামী তিন মাসের মধ্যে আদায়যোগ্য অর্থ আদায় করে এ কমিটি ও অডিট অধিদপ্তরকে অবহিত করতে হবে।

১.২.২ অডিট আপত্তি : অডিট রিপোর্টের পৃষ্ঠা ২৮-২৯ অনুচ্ছেদ নং-২।

আপত্তির শিরোনাম : সঠিকভাবে সারচার্জ ধার্য না করায় সরকারের ১,৪৭,২৭১/- টাকা আর্থিক ক্ষতি।

**সিদ্ধান্ত :**

- (১) যে সব ক্ষেত্রে অর্থ আদায় করা হয়েছে এবং দাবীর অংক সংশোধিত হয়েছে সে সব ক্ষেত্রে আগামী এক মাসের মধ্যে অডিট অধিদপ্তরকে প্রমাণক দলিলপত্র প্রেরণ করতে হবে ; এবং
- (২) যে সব ক্ষেত্রে মামলা চলমান রয়েছে সে সব ক্ষেত্রে প্রতি ছয় মাস অন্তর অন্তর মামলার অগ্রগতি এ কমিটি ও অডিট অধিদপ্তরকে অবহিত করতে হবে ; এবং
- (৩) অরপরাপর ক্ষেত্রে আগামী তিন মাসের মধ্যে আদায়যোগ্য অর্থ আদায় করে এ কমিটি ও অডিট অধিদপ্তরকে অবহিত করতে হবে ।

১.২.৩ অডিট আপত্তি : অডিট রিপোর্টের পৃষ্ঠা ৩০-৩৪, অনুচ্ছেদ নং-৩ ।

আপত্তির শিরোনাম : বিভিন্নভাবে করদাতাদের আয়কর কম ধার্য করায় সরকারের ৩৮,৬৯,৪৬৭/- টাকা ক্ষতি ।

**সিদ্ধান্ত :**

- (১) যে সব ক্ষেত্রে অর্থ আদায় করা হয়েছে এবং দাবীর অংক সংশোধিত হয়েছে সে সব ক্ষেত্রে আগামী এক মাসের মধ্যে অডিট অধিদপ্তরকে প্রমাণক দলিলপত্র প্রেরণ করতে হবে ; এবং
- (২) অরপরাপর ক্ষেত্রে আগামী তিন মাসের মধ্যে আদায়যোগ্য অর্থ আদায় করে এ কমিটি ও অডিট অধিদপ্তরকে অবহিত করতে হবে ।

১.২.৪ অডিট আপত্তি : অডিট রিপোর্টের পৃষ্ঠা ৩৪-৩৫, অনুচ্ছেদ নং-৪ ।

আপত্তির শিরোনাম : অনিয়মিতভাবে গাড়ি মেরামত দেখিয়ে ১৮,৯৭৫/- টাকা পরিশোধ ।

সিদ্ধান্ত : আলোচনার প্রেক্ষিতে আপত্তিটি মীমাংসিত বলে বিবেচিত হবে ।

১.২.৫ অডিট আপত্তি : অডিট রিপোর্টের পৃষ্ঠা ৩৫-৩৬, অনুচ্ছেদ নং-৫ ।

আপত্তির শিরোনাম : বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে রাজস্ব বাবদ ৪,৮৪,৯৩,৫৩২/- টাকা আনাদায় ।

**সিদ্ধান্ত :**

- (১) যে সব ক্ষেত্রে অর্থ আদায় করা হয়েছে সে সব ক্ষেত্রে আগামী এক মাসের মধ্যে অডিট অধিদপ্তরকে প্রমাণক দলিলপত্র প্রেরণ করতে হবে ; এবং
- (২) অরপরাপর ক্ষেত্রে আগামী তিন মাসের মধ্যে আদায়যোগ্য অর্থ আদায় করে এ কমিটি ও অডিট অধিদপ্তরকে অবহিত করতে হবে ।

১.৩ সাধারণ মন্তব্য : অডিট আপত্তির অনুচ্ছেদ ৬-১৭ -এর উপর বৈঠকে কোন আলোচনা অনুষ্ঠিত হয়নি ।

এস এম আকরাম

সভাপতি

সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি

বাংলাদেশ জাতীয় সংসদ ।

**৭ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির  
৯৯ তম বৈঠকের সিদ্ধান্তসমূহ**

সভাপতি : এস এম আকরাম, সংসদ-সদস্য, ২০৬ নারায়ণগঞ্জ-৫

বৈঠকের তারিখ : ২৭-০২-২০০১ খ্রিষ্টাব্দ (১৫-১১-১৪০৭ বঙ্গাব্দ) । বৈঠকের দিন : মঙ্গলবার ।

বৈঠকের সময় : বিকাল ৩ঃ০০ টা থেকে বিকাল ৫ঃ২০ মিনিট পর্যন্ত

বৈঠকের স্থান : কেবিনেট কক্ষ, পশ্চিম ব্লক, দ্বিতীয় লেভেল, সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা ।

১ আলোচ্যসূচী : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংক্রান্ত নিম্ন-লিখিত অডিট রিপোর্টের উপর আলোচনা ।